# যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয়ে গঠিত ইনোভেশন টিমের ২৮/০৬/২০১৫ তারিখে অনুষ্ঠিত ৪র্থ সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ মোঃ এরশাদ-উর-রশীদ
পরিচালক (দাঃ বিঃ ও ঋণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

স্থান ঃ পরিচালকের অফিস কক্ষ।

তারিখ ও সময়ঃ ২৮ জুন ২০১৫ ; দুপুর ০২:০০ টা।

**উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক" তে সংযুক্ত ঃ**

সভাপতি উপস্থিত সকল সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব সালেহ্ উদ্দিন আহমেদ সদস্য, ইনোভেশন টিম বিগত সভার (৩য় সভার) কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীটিতে কোন সংশোধনী না থাকায় তা গৃহীত হয়। বিগত সভার সুপারিশ মাফিক ওয়েব পেজ তৈরী করার লক্ষ্যে বাস্তবায়ন শাখা থেকে জাতীয় যুব পুরুস্কার প্রাপ্তদের তালিকা (১৯৮৬-২০১৪) পাওয়া গেছে। প্রশিক্ষণ শাখা থেকে ওয়েব পেজ প্রস্তুতের জন্য কোন তথ্য পাওয়া যায় নাই। জনাব মোঃ আব্দুর রেজজাক, প্রোগ্রামার এবং জনাব ফরহাত নূর উপপরিচালক(চলতি দায়িত্ব) , দাঃ বিঃ ও ঋণ শাখা -কে অদ্যকার সভায় নতুন সদস্য হিসাবে কো-অপট করার প্রস্তাব করেন। সভাপতির অনুরোধক্রমে জানাব ফরহাত নূর উপপরিচালক(চলতি দায়িত্ব) কর্তৃক এটুআই প্রকল্পের আওতায় চলতি মাসে অনুষ্ঠিত প্রশিক্ষণ কোর্সে অর্জিত ধারনা সভাকে অবহিত করেন। তিনি আরও জানান যে, প্রশিক্ষণ কোর্সে অর্জিত জ্ঞানকে যুব উন্নয়ন অধিদপ্তরের সকল কর্মকর্তাকে অবহিত ও তা দৈনন্দিন দাপ্তরিক কাজে ব্যবহারের লক্ষ্যে একটি Cascading কর্মশালার আয়োজন করা প্রয়োজন। সভাপতি এ প্রেক্ষিতে জানান যে, এটুআই প্রকল্প যুব উন্নয়ন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের উদ্ভাবনী কার্যক্রম গ্রহন করার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করেছে এবং তৎপ্রেক্ষিতে নতুন নতুন উদ্ভাবনী কার্যক্রম গ্রহন করা হয়েছে। এর ফলাফল ইতিবাচক হওয়ায় এটুআই কর্তৃপক্ষ যুব উন্নয়ন অধিদপ্তরকে অভিনন্দন জানিয়েছেন এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সদর, ঠাকুরগাঁও ; নাগেশ্বরী, কুড়িগ্রাম; হাটহাজারী, চট্রগ্রাম ও সদর, নোয়াখালী-কে তাদের কাজের স্বীকৃতি স্বরূপ উচ্চতর অভিজ্ঞতা অর্জনের লক্ষ্যে সিংগাপুরে প্রশিক্ষণের জন্য মনোনয়ন প্রদান করেছেন, যা যুব উন্নয়ন অধিদপ্তরের জন্য একটি বড় অর্জন।

সভাপতি বলেন যে, গত ৬/৫/২০১৫খ্রিঃ তারিখে প্রথম পর্যায়ের ১১টি উপজেলার যুব উন্নয়ন কর্মকর্তাগণের সমন্বয়ে অত্র অধিদপ্তরে একটি কর্মশালা অনুষ্ঠিত হয় এবং তৎকর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্প সমূহের অগ্রগতি পর্যালোচনা করা হয়, কিন্তু সে কর্মশালার সুপারিশ/সিদ্ধান্ত আজও লিপিবদ্ধ হয়নি যা দুঃখজনক। তিনি সভাকে আরও অবহিত করেন যে চট্রগ্রাম জেলার উপপরিচালক (চলতি দায়িত্ব) এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লাঙ্গলকোর্ট, কুমিল্লা অধিদপ্তরের সেবা পদ্ধতি সহজীকরণ বিষয়ে (sps) কাজ করছেন এবং বিগত সভায় তারা ১ দিনের প্রশিক্ষণে অংশ নিয়েছেন। কাজেই ইনোভেশন সেলের পক্ষ হতে তাদের সাথে অব্যাহত যোগাযোগ থাকা প্রয়োজন।

**সুপারিশ ঃ**

১। যে সকল উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা পূর্ব থেকেই ইনোভেশন নিয়ে কাজ করছেন তাদের মধ্যে কে কি কাজ করছেন সে বিষয়ে খোজ খবর নিয়ে পরবর্তী করণীয় নির্ধারন করা হবে।

২। শাখা ভিত্তিক ওয়েভপেজ প্রস্তুতির লক্ষ্যে প্রধান কার্যালয়ের পরিচালক, উপ-পরিচালকগণকে স্বস্ব শাখা ও উপশাখার কার্যক্রমের তথ্যাদি ৩০-০৭-২০১৫ তারিখের মধ্যে (MS Word File )Soft Copy এবং কিছু গুরত্বপূর্ণ ছবি যদি থাকে আইসিটি শাখায় পাঠাতে পুনরায় অনুরোধ জানানো হয়।

৩। প্রধান কার্যালয়ের নির্বাচিত কর্মকর্তাগণ এবং ঢাকা জেলার কর্মকর্তাদের সমন্বয়ে আগামী ৩ আগষ্ট ২০১৫ একটি Cascading কর্মশালা আয়োজনের পরিকল্পনা নেয়া হয়েছে।

৪। প্রতিটি অফিসে কর্মরতদেরকে তাদের Innovative চিন্তা এই সেলে পাঠানোর অনুরোধ জানিয়ে পত্রদিতে হবে।

৫। কর্মশালার কার্যবিবরণী ৭ দিনের মধ্যে উপস্থাপন করতে হবে।

৬। নবযোগদানকৃত কর্মকর্তা জনাব আব্দুর রেজজাক উপপরিচালক(প্রোগ্রামার) ও জনাব ফরহাত নূর উপপরিচালক(চলতি দায়িত্ব) (দাঃ বিঃ ও ঋণ) কে ইনোভেশন টিমে অর্ন্তভূক্তির সুপারিশ করা হয়।

অতঃপর, আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

৮.৭.১৫

(মোঃ এরশাদ-উর-রশীদ)
পরিচালক(দাঃ বিঃ ও ঋণ)
ও
ইনোভেশন অফিসার
ফোনঃ ৯৫৬১৩৫৩।
e-mail: ershad.dyd@gmail.com

স্মরক নং- ৩৪.০১.০০০০.০০৮.৩১.০১৭.১৫- ৩৫

তারিখঃ ০৮ /০৭/২০১৫খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ঃ

১। চীফ ইনোভেশন অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক-----------------------------(সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৩। উপপরিচালক-------------------------(সকল),প্রধান কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর,ঢাকা।
৪। জনাব-------------------------------------------------- যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর , ঢাকা।
৬। সংশ্লিষ্ট নথি।

শাখা সংশ্লিষ্ট ওয়েবপেজ প্রস্তুত/হালনাগাদ করণের লক্ষ্যে সকল শাখা প্রধানকে স্ব স্ব শাখার কার্যক্রমের তথ্যাদি (MS Word File) Soft Copy এবং কিছু উল্লেখযোগ্য ছবি আইসিটি শাখায় ৩০-০৭-২০১৫ তারিখের মধ্যে আইসিটি শাখায় প্রেরনের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

(সালেহ্ উদ্দিন আহমেদ)
সহকারী পরিচালক(আইসিটি)
ও
সদস্য, ইনোভেশন টিম
ফোনঃ ৯৫৮৬৮৯৮।
e-mail: ictdyd@gmail.com

## পরিশিষ্ট-"ক"

**২৮/০৬/২০১৫ তারিখ দুপুর ০২.০০টায় অনুষ্ঠিত ইনোভেশন টিমের সভায় উপস্থিত সম্মানিত সদস্যগণের তলিকা ঃ**
(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ১. | জনাব মোঃ আব্দুর রেজজাক<br>উপপরিচালক (প্রোগ্রামার) | অস্পষ্ট |
| ২. | জনাব মাসুদা আকন্দ<br>উপপরিচালক(প্রশিক্ষণ) | অস্পষ্ট |
| ৩. | জনাব মোঃ ফরহাত নূর<br>উপপরিচালক (দাঃ বিঃ ও ঋণ) চঃদাঃ | অস্পষ্ট |
| ৪. | জনাব মোঃ শাহীনূর রহমান<br>সহকারী পরিচালক (দাঃ বিঃ ও ঋণ) | অস্পষ্ট |
| ৫. | জনাব সালেহ্ উদ্দিন আহমেদ<br>সহকারী পরিচালক (আইসিটি) | অস্পষ্ট |